



বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল

জনসংযোগ অফিস

ফ্যাক্সঃ ০৪৩১-৬১৮২২৭ মোবাঃ ০১৭১১-০০১৯০৫

E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.ac.bd

স্মারক নং-বিইউ/রেজি/জনসংযোগ/১২/১১

তারিখঃ ০৯/০৮/২০১৬

প্রেস রিলিজ

অদ্য ০৯/০৮/২০১৬ তারিখ বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. এ.এস.এম. ইমামুল হক এর উপস্থিতিতে আমেরিকান ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ এর প্রেসিডেন্ট প্রফেসর ড. গোলাম মাতবর এবং বরিশাল বিশ্ববিদ্যালয়ের পক্ষে ট্রেজারার প্রফেসর ড. এ কে এম মাহবুব হাসান এর সাথে একটি চুক্তি স্বাক্ষরিত হয়। এ চুক্তির ফলে উক্ত প্রতিষ্ঠানে বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও স্নাতকোত্তর শিক্ষার্থীগণ গবেষণা, পড়ালেখা, সাংস্কৃতিক বিনিময় ইত্যাদির সুবিধা পাবেন এবং শিক্ষক, শিক্ষার্থীগণ বিভিন্ন মেয়াদে আমেরিকাতে গবেষণার সুযোগ পাবেন। এছাড়াও উভয় প্রতিষ্ঠান যৌথ উদ্যোগে গবেষণা, সেমিনার, ওয়ার্কশপ বরিশাল বিশ্ববিদ্যালয়ে অথবা আমেরিকান ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ আয়োজন করতে পারবে। উল্লেখ্য বর্তমানে আমেরিকান ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ আমেরিকাতে ২২ টি ও বাংলাদেশে বরিশাল বিশ্ববিদ্যালয় সহ ১৭ টি বিশ্ববিদ্যালয়ের সাথে এই চুক্তি স্বাক্ষরিত হয়েছে।